
দৈনিক
ইনকিলাব

তারিখ 2-2-FEB-2008
পৃষ্ঠা ১৩ কলাম ৬

# শেষ হল ইউ কে শিক্ষামেলা-২০০৮

ব্রিটিশ কাউন্সিলের উদ্যোগে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে শেষ হলো ইউকে শিক্ষামেলা-২০০৮। ঢাকা শেরাটন হোটেলের উইন্টার গার্ডেনে গত বৃহস্পতিবার থেকে শনিবার এবং চট্টগ্রাম পেনিনসুলা হোটেলে সোম ও মঙ্গলবার এ মেলা অনুষ্ঠিত হয়। মেলায় ৩৪টি ব্রিটিশ বিশ্ববিদ্যালয় ও কলেজের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। ব্রিটেনে উচ্চ শিক্ষা গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী তাদের অভিভাবক বিভিন্ন প্রতিষ্ঠানের হিউম্যান রিসোর্সেস ম্যানেজার ও ট্রেনিং ম্যানেজারদের ব্রিটিশ বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোর প্রতিনিধিদের সাথে সরাসরি কথা বলার সুযোগ সৃষ্টি করাই ছিল এই মেলার উদ্দেশ্য। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম বৃহস্পতিবার বেলা ১১টায় এ মেলার উদ্বোধন করেন। উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, 'পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় ব্রিটেনের শিক্ষার মান অনেক উন্নত। বাংলাদেশী অনেক শিক্ষার্থী ব্রিটেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করে বিভিন্ন ক্ষেত্রে তাদের যোগ্যতা প্রমাণ করতে সক্ষম হয়েছে। দেশের অর্থনৈতিক উন্নতির ক্ষেত্রে তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।' বিদেশে উচ্চ শিক্ষার জন্য গমনেচ্ছু শিক্ষার্থীদের ব্যাপক অংশগ্রহণে মুখরিত হয় এ আয়োজন। শিক্ষার্থীরা বিভিন্ন ইউনিভার্সিটি ও কলেজ প্রতিনিধির কাছে ইউকে-তে উচ্চ শিক্ষার সুযোগ-সুবিধা, নিয়মনীতি, ভিসা প্রক্রিয়া, খরচ ইত্যাদি বিষয়ে জানার জন্য ভিড় জমায়। এ মেলার মাধ্যমে শিক্ষার্থীরা সরাসরি তাদের মতামত ব্যক্ত করার সুযোগ পেয়ে তারা আনন্দিত। ইউকে-তে উচ্চ শিক্ষার জন্য যেতে ইচ্ছুক কয়েকজনের সাথে কথা বলে জানা গেল, তারা ইউকে-তে পড়তে যাবে বলে এখানে এসেছে। অভিভাবকদের অংশগ্রহণও ছিল লক্ষণীয়। তারা মনে করেন, এ আয়োজনের মাধ্যমে আমরা সরাসরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধির সাথে যোগাযোগ করতে পারছি। ফলে আমরা সঠিক নিয়ম-পদ্ধতি জানতে পেরেছি। শিক্ষার্থী এবং অভিভাবকরা এ ধরনের আয়োজন বেশী প্রয়োজন বলে উল্লেখ করেন। বেসরকারী উদ্যোগের পাশাপাশি সরকারী পৃষ্ঠপোষকত পরিকল্পিতভাবে এ ধরনের আয়োজন করে শিক্ষার্থীদের সঠিক এ বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপনে সহায়তা ক সময়ের দাবী। মেলায় স্থান পাওয়া বিশ্ববিদ্যালয় ও কলেজের সা পাঠকদের পরিচিত করে দেয়ার জন্য কিছু প্রতিষ্ঠানের নাম যোগাযোগের ঠিকানা প্রদান করা হল।



**ইউনিভার্সিটি অব অ্যাবার্টে ডান্ডী :** ই-মেইল : sro@abertay.ac.uk ওয়েব : www.abertay.ac.uk

**ব্যাংগর ইউনিভার্সিটি :** ই-মেইল : e.t. raw@bangor.ac.uk, ওয়েব : www.bangor.ac.uk/international.

**ইউনিভার্সিটি অব বেডফোর্ডশায়ার :** web : www.beds.ac.uk

**বার্মিং হাম সিটি ইউনিভার্সিটি :** E-mail : bcuinternational@enquiries.uk.com

**ইউনিভার্সিটি সেন্টার ব্রাডফোর্ড কলেজ :** E-mail : b.turner@bradford college.ac.uk

**ব্রুনেল ইউনিভার্সিটি :** E-mail : brunelinternational@brunel.ac.uk, web : www.brunel.ac.uk/international

**কার্ডিফ ইউনিভার্সিটি :** E-mail : international@cardiff.ac.uk/Web : www.cardiff.ac.uk/international

**ক্যাভেনডিস কলেজ :** E-mail : Learn@Cavendish.ac.uk web : www.cavendish.ac.uk

**ইউনিভার্সিটি অব সেন্ট্রাল ল্যাঙ্কাশায়ার :** E-mail : Subra @uclansouthasia.com

**সিটি ইউনিভার্সিটি লন্ডন :** E-mail : international@city.ac.uk

**ইউনিভার্সিটি অব এসেক্স :** E-mail : osrels@essex.ac.uk

**ইউনিভার্সিটি অব হার্টফোর্ডশায়ার :** E-mail : c.y.facey@herts.ac.uk

**লন্ডন মেট্রোপলিটন ইউনিভার্সিটি :** E-mail : Bangladesh@Londonmet.ac.uk

**ব্রিটিশ কাউন্সিল ঢাকার ঠিকানা :** ৫ ফুলার রোড, ঢাকা-১০০০ ফোন : 880 (২) 8618905. E-mail : education@bd.british council : org www.british council.org/bangladesh.